# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 18 May, 2025

চট্টগ্রাম নগরীর জিইসি এলাকায় জমে থাকা বৃষ্টির পানিতে বিদ্যুৎস্পৃষ্ট হয়ে দুই ব্যক্তি মারা গেছেন। রবিবার (১৮ মে) দুপুরে নগরীর এম এম আলী রোডের বশর ভিলা এলাকায় এ দুর্ঘটনা ঘটে। শনিবার (১৭ মে) দিবাগত রাতের বৃষ্টিতে সৃষ্ট জলাবদ্ধতায় বিদ্যুৎস্পৃষ্ট হয়ে তারা মারা গেছেন বলে পুলিশ নিশ্চিত করেছে।

নিহতরা হলেন,মিরসরাই উপজেলার পূর্ব গোল মগরা এলাকার নুর জাহানের ছেলে তৈয়ব (৪৫) এবং কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলার জাবিরপাড়া এলাকার হুমায়ুনের ছেলে রবিউল (১৪)।

চকবাজার থানার ওসি জাহিদুল কবির জানান, শনিবার রাতের বৃষ্টিতে ওই ভবনের নিচে পানি জমে যায়। ওই পানিতে দুইজন বিদ্যুৎস্পৃষ্ট হন। উদ্ধার করে তাদেরকে চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে নেওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

চমেক হাসপাতাল পুলিশ ফাঁড়ির ইনচার্জ নুরুল আলম আশেক জানান, বিদ্যুৎস্পৃষ্ট হয়ে গুরুতর আহত অবস্থায় ২ জনকে হাসপাতালে নিয়ে আসলে জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক পরীক্ষা-নিরীক্ষা করে তাদের মৃত ঘোষণা করেন।মরদেহ মর্গে রাখা হয়েছে।স্বজনরা এলে হস্তান্তর করা হবে।

বিদ্যুৎস্পৃষ্ট মৃত্যু

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 June, 2025 00:52

URL: https://timestodaybd.com/chittagong/7758072652